

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৮.১৭/ ২৫৫

তারিখ: ১৯/১২/২০২৪ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৫১/২০২৪

বিষয়ঃ আমদানিভ্য Opadry White নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Popular Pharmaceuticals Ltd. এর ১৭/০৯/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Popular Pharmaceuticals Ltd. নামক প্রতিষ্ঠান Opadry White নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Popular Pharmaceuticals Ltd.
আবেদনকারীর ঠিকানা	Sheltech Panthokunjo, 17 Shukrabad, West Panthopath, Dhaka-1207.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Opadry White
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Powder
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India/USA
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	3205.00.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Coating material in Tablet এ ব্যবহারের জন্য Opadry White নামক পণ্যটি Powder প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

Bangladesh Customs Tariff, 2023-24 এবং The Explanatory Notes of the Harmonized System 2022 edition (HS) by World Customs Organization হতে দেখা যায়, এইচ এস কোড 3205.00.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যসমূহ হচ্ছে 'Color lakes: preparations as specified in note 3 to this chapter based on color lakes'. যেহেতু আমদানিভ্য পণ্যটি Powder হিসেবে আমদানি করা হবে এবং এর উপাদানসমূহ যেমনঃ HPMC 2910/Hypromellose, Titanium Dioxide, Ethylchllulose, Diethyl Phthalate হচ্ছে মূলত synthetic color matter তাই উক্ত পণ্যের এইচ এস কোড 3205.00.00 নির্ধারণ করা যুক্তিযুক্ত, এমতাবস্থায়, Bangladesh Customs Tariff, 2023-24 এবং The Explanatory Notes of the Harmonized System 2022 edition (HS) by World Customs Organization এর ব্যাখ্যার আলোকে এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিভ্য Opadry White পণ্যটি এইচ এস কোড 3205.00.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

- (ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।
- (খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৯.১২.২০২৪

(হোসেন আহমদ)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৮.১৭/ ২৬০

তারিখ: ১৯/১২/২০২৪ স্থিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৭। ব্যবস্থাপনা পরিচালক, Popular Pharmaceuticals Ltd., Sheltech Panthokunjo, 17 Shukrabad, West Panthopath, Dhaka-1207.



(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com